জেন্ডার টিপ শিট – সুরক্ষা (Protection)

কার্যকর কর্মসূচি চালানোর জন্য এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে প্রতিটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের সাথে সমন্বয় থাকা জরুরি। আর্ত মানবতার সেবায় পরিচালিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ, বিশ্লেষণ ও এর ওপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গসংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের কার্যকর ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সুরক্ষা কর্মসূচির প্রতিটি ক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ শিট সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

সুরক্ষা চাহিদা মূল্যায়ন ও বিশ্লেষণ	➤ **লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD)** সংগ্রহ ও বিশ্লেষণ করুন। এছাড়া সুরক্ষা সংক্রান্ত চাহিদা, সক্ষমতা ও প্রতিবন্ধকতাগুলো বোঝার জন্য তথ্যগুলোর জেণ্ডার অ্যানালাইসিস করুন। একই সাথে, এসব তথ্য থেকে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষদের চিহ্নিত করুন। তথ্যগুলোর জেণ্ডার অ্যানালাইসিস-এর ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন: ↳ জনমিতি। যেমন - পরিবারের কাঠামো চিহ্নিত করুন। একই সাথে গর্ভবতী বা স্তন্যদানকারী নারী আছেন এমন পরিবার এবং নারী বা শিশুর উপার্জনের উপর নির্ভরশীল পরিবারগুলো চিহ্নিত করুন। অভিভাবকহীন নাবালকদেরকেও চিহ্নিত করুন। ↳ জেন্ডার এবং সাংস্কৃতিক রীতিনীতি ও চর্চা। যেমন - সমাজে নারীদের দূরবস্থা; বাল্যবিবাহ ও অল্প বয়সে মা হওয়া; জেণ্ডারভিত্তিক সহিংসতার (GBV) ক্ষেত্রে নারীদেরকে দোষারোপ; পরিস্থিতি মোকাবেলায় নেতিবাচক উপায় অবলম্বন।

	↳ সুরক্ষার ঝুঁকি ও এর সুযোগ। যেমন - জেণ্ডারভিত্তিক সহিংসতা (GBV), মানব পাচার, জোর করে কাজ করানো, শিশুশ্রম, যৌনকর্ম, অন্যের হয়ে সন্তান জন্ম দিতে বাধ্য হওয়া, জোর করে বিয়ে ও বাল্যবিয়ে - এ ধরণের ঝুঁকি বিবেচনা করুন। ↳ পরিবেশগত ও কাঠামোগত কারণসমূহ। যেমন - ক্যাম্পে উপচে পড়া ভিড়, আলোর অভাব, বসতবাড়িতে তালার অভাব - ইত্যাদি চিহ্নিত করুন। ➢ সুরক্ষা সেবার ঘাটতিগুলো শনাক্ত করতে অংশগ্রহণমূলক ও জেণ্ডারভিত্তিক বিশ্লেষণ করুন। ↳ পরিষেবা। যেমন - সহজে প্রাপ্য, নিরাপদ, ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা সংক্রান্ত পরিষেবা; পিএসইএ-এর (PSEA) উপর তথ্যের প্রাপ্যতা; পরিষেবা ব্যবস্থায় কার্যকর রেফারাল ব্যবস্থা, এ সংক্রান্ত প্রতিবেদন তৈরি ও পর্যালোচনা করার ব্যবস্থা করুন। ➢ লিঙ্গ ও বয়স সম্পর্কিত তথ্য বিশ্লেষণ এবং সব ধরণের মানুষকে অন্তর্ভুক্ত করে অংশগ্রহণমূলক উপায়ে নারী-পুরুষ সবার সাথে পরামর্শ করে জেণ্ডার অ্যানালাইসিস নিশ্চিত করুন। যেমন - লিঙ্গ-পৃথকীকরণ ফোকাস গ্রুপ ডিসকাশন, সবার অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনার জন্য উপযুক্ত সময়, স্থান ও অন্যান্য সুবিধা নিশ্চিত করুন (উদাহরণস্বরূপ, ছোট বাচ্চাসহ মায়েদের জন্য শিশু যত্ন কেন্দ্রের ব্যবস্থা রাখুন)।
কৌশলগত পরিকল্পনা	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনার নথিপত্র এবং পরিস্থিতি মূল্যায়ন প্রতিবেদনগুলোতে (situation reports) জেণ্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। ➢ কর্মসূচি পরিকল্পনার সময় নারী, পুরুষ, বয়স্ক (সচরাচর বাদ পড়ে যাওয়া জনগোষ্ঠি যেমন প্রতিবন্ধী বা এলবিজিটিকিউআই) নির্বিশেষে সবার সাথে পরামর্শ

	করুন, যাতে গৃহীত কর্মসূচিগুলো তাদের চাহিদা পূরণ করতে পারে। ➢ সুরক্ষা কর্মসূচিতে নারী-পুরুষ ছেলে-মেয়ে নির্বিশেষে সবার অংশগ্রহণ নিশ্চিত করুন, যেন তাদের সবার চাহিদা নিশ্চিত করা যায়। ↳ পরিষেবা ও বিতরণকেন্দ্রে প্রবেশগম্যতা: যেমন - পরিষেবা কেন্দ্রের অবস্থান, আশ্রয়কেন্দ্র থেকে দূরত্ব; প্রতিবন্ধী ব্যক্তিদের প্রবেশগম্যতা; নিরাপদে ও সহজে সেবা গ্রহণের সুযোগ, সেবা প্রদানের সঠিক সময়, গোপনীয়তা নিশ্চিত করুন। ↳ পরিষেবা। যেমন - লিঙ্গ ও বয়স ভিত্তিক সেবা প্রদান; সাংস্কৃতিকভাবে উপযুক্ত সেবা প্রদান ও সরবরাহ; গোপনীয়তার নিশ্চয়তা; নিশ্চিত করুন যে নারী-পুরুষ সবাই সেবাগুলো সম্পর্কে জানে এবং এগুলো কিভাবে পাওয়া যায় তাও জানে। ↳ কর্মী ও পরিষেবা সরবরাহকারী। যেমন - শিশু সুরক্ষা, জেণ্ডার ভিত্তিক সহিংসতা ও পিএসইএ-এর (PSEA) ধারণা সম্পর্কে কর্মীদেরকে প্রশিক্ষণ দিন; এসব ধারণা ও কার্যকর রেফারাল ব্যবস্থা ও রেফারাল ধাপগুলো সম্পর্কে নিরাপত্তাকর্মী ও পুলিশ সদস্যদেরকে প্রশিক্ষণ দিন। ➢ নারী – পুরুষ নির্বিশেষে সবার অংশগ্রহণের বাধাগুলো দূর করে সামগ্রিক কর্মপরিকল্পনা তৈরি করতে অন্যান্য সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন। যেমন - ওয়াশ, পুষ্টি, খাদ্য নিরাপত্তা, শিক্ষা, শিশু সুরক্ষা, জিবিভি, পিএসইএ সেক্টর। ↳ সুরক্ষায় নারী-পুরুষ ছেলে-মেয়ে সবার অংশগ্রহণ। যেমন - কমিউনিটির সুরক্ষা এবং শিশু সুরক্ষায় গঠিত কমিটি অথবা আলাদা আলাদা কমিটিগুলোতে নারীদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করুন। নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে গৃহীত ব্যবস্থাসমূহ নিশ্চিত করুন (উদাহরণস্বরূপ-শিশুযত্ন কেন্দ্র) ও সুরক্ষা সেক্টরে কিশোর-কিশোরীদেরকে সম্পৃক্ত করুন। ↳ এলাকাভিত্তিক সচেতনতা ও সামাজিক আচরণবিধির পরিবর্তন। যেমন - শিশু সুরক্ষা, জেণ্ডারভিত্তিক সহিংসতা, মানব পাচার - ইত্যাদি নিয়ে বার্তা তৈরি ও

	সাধারণ মানুষের কাছে পৌঁছানো; পরিবারের পুরুষ সদস্য, সাধারণ এলাকাবাসী এবং গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মধ্যে জেণ্ডার-সংবেদনশীলতা সৃষ্টি করুন; কিশোর-কিশোরীদের সম্পৃক্ত করার বিষয়ে বার্তা দিন। ➢ নারী-পুরুষ সবার আচরণগত পরিবর্তন বোঝার মতো সূচক তৈরি করুন। ↳ লিঙ্গ ও বয়সভিত্তিক সূচক তৈরি করুন, যাতে বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো বোঝা যায় এবং সেগুলো নিয়ে কাজ করা যায়। ➢ কার্যক্রম পরিকল্পনায় জেন্ডার-সংবেদনশীলতা নিশ্চিত করতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
সম্পদের ব্যবহার	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-বিভাজিত উপাত্ত (SADDD) থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করে সবার বিশেষ চাহিদাগুলো সুরক্ষা সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন সেই চাহিদাগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। ➢ সুরক্ষা সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে নিয়মিত প্রতিবেদন তৈরি করুন এবং এই প্রতিবেদনের ভিত্তিতে দাতা সংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য সুপারিশ করুন। ➢ সুরক্ষা সেক্টরের কার্যক্রম তৈরির সময় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করে লৈঙ্গিক সমতা নিশ্চিত করুন। পাশাপাশি নারীর ক্ষমতায়নে সুরক্ষা সেক্টরের অবদান নিশ্চিত করুন।
প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণ	➢ বিভিন্ন প্রকল্প ও কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী-পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণে সাধারণ মানুষ ও বিভিন্ন গোষ্ঠীকে যুক্ত করুন। যেমন - কর্মসূচি বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী অধিকার, যুবসমাজ ও এলজিবিটিকিউআই নেটওয়ার্কের মতো সংগঠনগুলোকে জড়িত করুন; শিশুযত্ন সেবা সরবরাহ করে নারী ও অল্প বয়সী মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ প্রকল্প বাস্তবায়নকারী ও পর্যবেক্ষণকারী কর্মীদের মধ্যে নারী-পুরুষ ভারসাম্য নিশ্চিত করুন।

	↳ কর্মী ও স্বেচ্ছাসেবীদের, বিশেষত নারী কর্মী/স্বেচ্ছাসেবীদের নিরাপত্তা নিশ্চিত করুন। যেমন - যৌন নির্যাতনের হুমকি, উত্যক্ত করা এবং যৌন হয়রানির ব্যাপারে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখুন। ↳ নারী-পুরুষ নির্বিশেষে সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো সম্পর্কে জানে। অর্থাৎ, কীভাবে সেগুলো পাওয়া যাবে, কোন সংগঠন সেবাগুলো দেয় এবং সেবাগুলো পেতে কীভাবে তাদের পরিকল্পনাকে প্রভাবিত করা যায়, সে ব্যাপারে সচেতনতা তৈরী করুন। ↳ শিশু-কিশোরবান্ধব, জেন্ডার-সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা নিশ্চিত করে, এমন ধরণের অভিযোগ পদ্ধতি তৈরি করুন ও চালু রাখুন। যেমন – পরামর্শ, মতামত ও অভিযোগ প্রকাশের জন্য বাক্স সরবরাহ করুন। হটলাইন সেবা চালু করুন এবং বয়স ও লিঙ্গভিত্তিক এফজিডি (FGD) করুন। স্কুলগুলোতে শিশু অধিকার কমিটি গঠন করুন। ➢ প্রকল্পের ফলে কারো কোনো ঝুঁকি, প্রবেশগম্যতা অথবা সামাজিক আচরণবিধি বা ভূমিকার নেতিবাচক পরিবর্তন নিয়মিত পর্যবেক্ষণ করুন। ➢ সুরক্ষা সেক্টরে সবার জন্য স্বাভাবিক প্রবেশগম্যতা রয়েছে কিনা, তা পর্যবেক্ষণ করুন। ➢ যৌথ সাড়াদান পরিকল্পনার (Joint Response Plan) জেন্ডার-নির্দিষ্ট ফলাফলে অবদান রাখুন। ➢ জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	➢ সুরক্ষা সেক্টরে সবার সুনির্দিষ্ট চাহিদা ও সক্ষমতা সম্পর্কিত তথ্য, লিঙ্গ ও বয়সের তথ্য অন্যদের কাছে পৌঁছে দিন। ↳ 'জেন্ডার হাব' সংক্রান্ত তথ্য, প্রতিবেদন ও অন্যান্য উপকরণ পর্যালোচনা ও প্রচারে সহায়তা করুন। ➢ সুরক্ষা সেক্টরে জেন্ডার-সংবেদনশীলতা চর্চার ফলে তৈরি হওয়া ভালো

	অভ্যাস ও শিক্ষণীয় বিষয়গুলো অন্যদেরকে জানান। ➢ সুরক্ষা সেক্টরের প্রকল্পগুলো ভুক্তভোগী জনগোষ্ঠীর সবার কাছে পৌঁছেছে কিনা এবং সম্ভাব্য শূন্যস্থানগুলো চিহ্নিত করা হয়েছে কিনা, তা পর্যালোচনা করুন। ➢ জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠার ক্ষেত্রে সুরক্ষা সেক্টরের অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন। ➢ স্ফিয়ার হ্যান্ডবুক ও আইএএসসি (IASC) গাইডলাইনের নীতিমালা অনুযায়ী প্রকল্পগুলো পরিচালিত হচ্ছে কি না তা পর্যালোচনা করুন।

আরও তথ্যের জন্য দেখুন:

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিং এর রিভিউ (Review)
- জেন্ডার-সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)
- জেন্ডার উইথ এইজ মার্কার (Gender with Age Marker) অনলাইন টুল

যোগাযোগ:

সুরক্ষা সেক্টরের জন্য জেন্ডার ফোকাল পয়েন্ট – *এখনো নির্ধারিত হয়নি*

জেন্ডার হাব – Tahmina Rahman (tahmina.rahman@unwomen.org)

সংক্ষিপ্তসার তালিকা (ACRONYMS)			
এফজিডি (FGD)	ফোকাস গ্রুপ ডিসকাশন	জেআরপি (JRP)	যৌথ সাড়াদান পরিকল্পনা
জিএএম/ গ্যাম (GAM)	জেন্ডার উইথ এজ মার্কার	এলজিবিটিকিউআই (LGBTQI)	হিজড়া, সমকামী, উভকামী ও অন্যান্য (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স)
জিবিভি (GBV)	জেন্ডারভিত্তিক সহিংসতা	পিএসইএ (PSEA)	যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ

জিআইএইচএ/ গিহা (GiHA)	জেন্ডার ইন হিউম্যানিটেরিয়ান অ্যাকশন	এসএডিডিডি (SADDD)	লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা সংক্রান্ত পৃথকীকরণ ডেটা
জিইইডব্লিউজি (GEEWG)	জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন		